গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.dam.gov.bd

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১৭.৩৫.০০১.১৬.১২০

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭
২১ মে ২০২০

বিষয়: **ঢাকা সহ অন্যান্য বিভাগীয় শহরে স্থায়ী/অস্থায়ী ফলের বাজার, আড়ৎ ও দোকান সার্বক্ষণিক চালু রাখা প্রসঙ্গে।**

সূত্র: ১) মন্ত্রীপরিষদ বিভাগের ১৯ মে ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০১২.১৬.২৪১ নম্বর স্মারক।
২) কৃষি মন্ত্রণালয়ের ২০ মে ২০২০ তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০৫৫.০০৪.৬৩ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রেয় পত্রদ্বয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলা হতে আম, লিচু ও অন্যান্য মৌসুমী ফল ঢাকা সহ অন্যান্য বিভাগীয় শহর বাজারজাত করা হয়ে থাকে। বর্তমান করোনাকালীন সময়ে দেশের বিভিন্ন স্থানে লকডাউন থাকার কারণে অনেক বিভাগীয় শহরে স্থায়ী/অস্থায়ী ফলের বাজার, আড়ৎ ও দোকান সন্ধ্যার পূর্বেই বন্ধ রাখতে হচ্ছে। ফলে আম ও লিচু চাষী ব্যবসায়ীগণ নিজ নিজ জেলা হতে ঢাকা ও অন্যান্য বিভাগীয় শহরে তাদের উৎপাদিত ফল এর বাজারজাতকরণে সমস্যার সম্মুখীন হওয়ার মাধ্যমে ব্যপকভাবে আর্থিক ক্ষতির সম্মুখীন হতে পারে বলে আশংকা করা হচ্ছে।

এমতাবস্থায়, চলতি ফলের মৌসুমে আম, লিচু ও অন্যান্য ফল সুষ্ঠুভাবে বাজারজাত করার লক্ষ্যে ঢাকা সহ অন্যান্য বিভাগীয় শহরে স্থায়ী/অস্থায়ী ফলের বাজার, আড়ৎ ও দোকান সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১) মন্ত্রী পরিষদ বিভাগের পত্র
২) কৃষি মন্ত্রণালয়ের পত্র

২১-৫-২০২০
মোহাম্মদ ইউসুফ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৯১১৪৩১০
ইমেইল: dg@dam.gov.bd

বিতরণ :
১) বিভাগীয় কমিশনার, ঢাকা/
চট্টগ্রাম/রংপুর/সিলেট/খুলনা/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল
২) জেলা প্রশাসক,
ঢাকা/চট্টগ্রাম/রংপুর/সিলেট/খুলনা/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল
৩) বিভাগীয় উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর
৪) জেলা কর্মকর্তা,
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১৭.৩৫.০০১.১৬.১২০/১

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭
২১ মে ২০২০

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

১) সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২১-৫-২০২০
মোহাম্মদ ইউসুফ
মহাপরিচালক

কৃষিই সমৃদ্ধি

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৪ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৫৫.২৭.০৫৫.০০৪.৬৩ তারিখঃ ২০ মে ২০২০।

বিষয়: উত্তরাঞ্চলের আম/লিচু বাজারজাতকরণের সুবিধার্থে ঢাকাসহ সারাদেশের বিভাগীয় শহরে আম ও লিচুর অস্থায়ী বাজার/আড়ৎ/দোকান খোলা রাখা সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৮২.০১২.১৬.২৪১; তারিখঃ ১৯ মে ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত বিবেচ্যপত্র অনুযায়ী উত্তরাঞ্চলের আম/লিচু বাজারজাতকরণের সুবিধার্থে ঢাকাসহ সারাদেশের বিভাগীয় শহরে আম ও লিচুর অস্থায়ী বাজার/আড়ৎ/দোকান খোলা রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত বিবেচ্যপত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য বিবেচ্যপত্রের ছায়ালিপি (সংযুক্তিসহ) নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র সংযুক্তিসহ ০৩ (তিন) পাতা ।

২০.০৫.২০২০

(মোঃ জসিম উদ্দিন)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৫৩১৩
ই-মেইল: extension4@Moa.gov.bd

মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)।
২। বিভাগীয় কমিশনার (ঢাকা, খুলনা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, বরিশাল, সিলেট ও ময়মনসিংহ)।
৩। ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তরের সকল জেলা প্রশাসক।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৬। অফিস কপি ও মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০১২.১৬.২৪১

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭
১৯ মে ২০২০

বিষয়: **উত্তরাঞ্চলের আম/লিচু বাজারজাতকরণের সুবিধার্থে ঢাকাসহ সারাদেশের বিভাগীয় শহরে আম ও লিচুর অস্থায়ী বাজার/আড়ৎ/দোকান খোলা রাখা।**

সূত্র: জেলাপ্রশাসকের কার্যালয়, নাটোরের স্মারক নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০১.১৬.০১৯.১৭.১৯৫, তারিখ: ১৭.০৫.২০২০।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে উল্লেখ করা হয়েছে যে চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী ও নাটোর থেকে প্রচুর আম ও লিচু ঢাকায় বাজারজাতকরণ করা হয়ে থাকে। ঢাকায় অবস্থিত আম ও লিচুর অস্থায়ী বাজার/আড়ৎ/দোকানে আম ও লিচু বিক্রি করতে না পারলে উত্তরাঞ্চলের চাষী ও ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হবেন। তাই চাষী ও ব্যবসায়ীদের আর্থিক ক্ষতি লাঘবে ঢাকার সকল আম ও লিচুর অস্থায়ী বাজার/আড়ৎ/দোকান খোলা রাখা জরুরি।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে পর্যালোচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।

১৯-৫-২০২০
মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সচিব, কৃষি মন্ত্রণালয়; ও
২) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০১২.১৬.২৪১/১(৭)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭
১৯ মে ২০২০

অনুলিপি:
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ;
৩) বিভাগীয় কমিশনার, রাজশাহী;
৪) জেলাপ্রশাসক, রাজশাহী;

৫) জেলাপ্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ;

৬) জেলাপ্রশাসক, নাটোর; ও

৭) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

১৯-৫-২০২০

মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী

উপসচিব